যুগান্তর

তারিখ ... 23 AUG 2016 ...
পৃষ্ঠা ২৭ ... কলাম ... ৬ ...

# আড়াইহাজারে কক্ষে ঢুকে শিক্ষার্থীর ওপর হামলা

নারায়ণগঞ্জ প্রতিনিধি

আড়াইহাজারে বিদ্যালয়ের শ্রেণীকক্ষে ঢুকে এক শিক্ষার্থীকে মারধর করে তুলে নেয়ার চেষ্টা করে এলাকার বখাটেরা। এ ঘটনার প্রতিবাদে বিক্ষোভ করেছে শিক্ষার্থীরা। সোমবার দুপুরে উপজেলার গোপালদী পৌরসভার সদাসদী বহুমুখী উচ্চবিদ্যালয়ে এ ঘটনা ঘটে। স্কুলের প্রধান শিক্ষক আবদুল বাতেন জানান, বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্র দেলোয়ার হোসেন ক্লাস করছিল। ১২টার দিকে হঠাৎ পার্শ্ববর্তী উলুকান্দি গ্রামের শামীম, রাশেল ও শুভসহ ৮-১০ জন লোক ক্লাসে প্রবেশ করে ওই ছাত্রকে মারধর করে তাকে জোর করে তুলে নিতে উদ্যত হয়। এ ঘটনায় বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের মাঝে আতংক ছড়িয়ে পড়ে। এই খবর স্কুলের অন্য ছাত্রদের মাঝে ছড়িয়ে পড়লে তারা এগিয়ে এলে সন্ত্রাসীরা স্কুলের বাইরে অবস্থান নেয়। কিছুক্ষণ পর স্কুলের ছাত্ররা একত্রিত হয়ে ওই সন্ত্রাসীদের ধাওয়া দিলে তারা পালিয়ে যায়। পরে শিক্ষার্থী, ম্যানেজিং কমিটির সদস্য ও এলাকাবাসী সন্ত্রাসীদের বিচারের দাবিতে গোপালদী বাজারে বিক্ষোভ করেন। গোপালদী ফাঁড়ি ইনচার্জ এসআই আল আমিন সরকার জানান, পূর্ব শত্রুতার জের ধরে কয়েকজন বখাটে এ ঘটনা ঘটিয়েছে। আমারা সন্ত্রাসীদের গ্রেফতার করতে অভিযান চালাচ্ছি। আড়াইহাজার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সাইফুল ইসলাম প্রধান ঘটনা নিশ্চিত করে বলেছেন, এ ব্যাপারে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।